

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং--৩৪.০১.০০০০.০২৭.৫০.২৭৪.১৬- ৬০৯,

তারিখ : ২৮ পৌষ, ১৪২৩
ডিসেম্বর, ২০১৬
০৯/০৯/২০১৭

বিষয়ঃ পার্বত্য এলাকার প্রশিক্ষার্থীদের ভর্তি ফি ব্যতিত প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পার্বত্য এলাকার পশ্চাৎপদ যুবক ও যুবনারীদের আত্মকর্মসংস্থানে নিয়োজিতকরণের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর দেশের অন্যান্য স্থানের মত পার্বত্য তিনটি জেলায়ও বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ পরিচালনা করে আসছে। এসব অনগ্রসর ও অসচ্ছল যুবরা অনেক সময় অধিদপ্তরের ধার্যকৃত কোর্স ফি/ভর্তি ফি প্রদান করতে অপারগ হওয়ায় আগ্রহ থাকা সত্ত্বেও আত্মকর্মসংস্থানমূলক প্রশিক্ষণ হতে বঞ্চিত হচ্ছেন। পার্বত্য এলাকায় অনুষ্ঠিত বিভিন্ন ফোরামে যুব প্রশিক্ষণের ভর্তি ফি সম্পর্কে আলোচনা হয় এবং পার্বত্য জেলা পরিষদের পক্ষ হতে ভর্তি ফি মওকুফের জন্য প্রায়শই মৌখিকভাবে অনুরোধ জানানো হয়। ইতোমধ্যে চলতি অর্থ বছরে অর্থ মন্ত্রণালয় হতে পার্বত্য এলাকার প্রশিক্ষার্থীদের জন্য পাহাড়ী ভাতা / যাতায়াত ভাতার বরাদ্দ প্রদান করা হয়েছে। এরূপ বিবেচনায় চলতি অর্থ বছর হতে পার্বত্য জেলা সমূহে পরিচালিত যুব প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষার্থীদের ভর্তি ফি ব্যতিরেকে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। দেশের অনগ্রসর জনগোষ্ঠী হিসেবে পার্বত্য এলাকাধীন পশ্চাৎপদ যুবক ও যুবনারীদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে অধিদপ্তর কর্তৃক পরিচালিত বিভিন্ন ট্রেডে ভর্তি ফি ব্যতিরেকে প্রশিক্ষণ পরিচালনার জন্য বলা হলো। উল্লেখ্য এ সুবিধা শুধুমাত্র পার্বত্য তিন জেলার যুবদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

উপপরিচালক

-----জেলা।

(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন নং- ০২-৯৫৫৯৩৮৯।

E-mail:dg@dyd.gov.bd.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো :

- ০১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। অফিস কপি।